২০২৪

# বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BNG-G-SEC-T-1

(প্রুফ সংশোধন, সাহিত্যপাঠ ও প্রয়োগবৈচিত্র্য)

[CBCS]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) নাটকে কথক চরিত্র কাকে বলে?

খ) ণত্ব-বিধান কী?

গ) 'না' ও 'নি'-এর ব্যবহার-সংক্রান্ত নিয়মগুলি লেখো।

ঘ) বাংলা ভাষায় যেকোনো দুই ধরনের বানান বিধির নাম করো।

ঙ) প্রুফ সংশোধনের সময় কোন্ কোন্ বিষয়ে নজর দেওয়া হয়?

চ) গ্রন্থ কীভাবে পর্যালোচনা করা হয়? দুটি বাক্যে লেখো।

ছ) প্রুফ সংশোধনের ক্ষেত্রে 'See copy' কখন ব্যবহৃত হয়?

জ) সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রে শ্রোতার ভূমিকা কী?

(পরের পাতায়)

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) একটি আলোচনাচক্রের পরিকল্পনা কীভাবে করা হয় আলোচনা করো।

খ) শ্রেণিকক্ষে সাহিত্য-পাঠদানের ক্ষেত্রে লেখক-পরিচিতি সম্পর্কে ছাত্রছাত্রীদের অবহিত করার প্রয়োজন কোথায়?

গ) গ্রন্থ-সমালোচনায় বইয়ের প্রশংসা শুধু নয়, বরং দোষত্রুটি ও সম্ভাবনার দিকগুলি দেখানো সমালোচনার ক্ষেত্রে কেন বেশি জরুরি?

ঘ) তোমার পাঠ্য একটি গল্পের নাট্যরূপ নির্মাণ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) তোমার পঠিত একটি নাটকের গঠনমূলক সমালোচনা লেখো।

খ) প্রুফ সংশোধন করো :

কম্পোজ ম্যাটার —

শব থপ হার বার পর<br>
বুজি মেলে খোঁজ আননার<br>
একদিন যেনা হারিয়ে<br>
চনা মুখ শহড় ছড়িয়ে<br>
ও জানা প্রান্তরেই<br>
ইকটা সিমূল আর আকাশ জেকানে<br>
মুখোমুখি চায় পরস্প রে

মূল কপি —

সব পথ হারাবার পর<br>
বুঝি খোঁজ মেলে আপনার।<br>
একদিন যেওনা হারিয়ে<br>
চেনা মুখ শহর ছাড়িয়ে<br>
অজানা প্রান্তরে,<br>
একটা শিমুল আর আকাশ যেখানে<br>
মুখোমুখি চায় পরস্পরে।



গ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি বিষয়ে বিস্তারিত আলোচনা করো।

ঘ) শ্রেণিকক্ষে প্রত্যক্ষ পাঠদানের সঙ্গে অনলাইন পদ্ধতিতে পাঠদানের পারস্পরিক সুবিধা-অসুবিধার দিকগুলি আলোচনা করো।